সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট

জয়পুরহাট ও রংপুর সরকারি কলেজে ছাত্র ফ্রন্ট নেতা-কর্মীদের ওপর হামলা

ভর্তি বাণিজ্য এবং বর্ধিত ফি আদায়ের প্রতিবাদ করায় জয়পুরহাট সরকারি কলেজ ও রংপুর সরকারি কলেজে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের ওপর হামলা চালিয়েছে ছাত্রলীগ-ছাত্রদল-শিবির সন্ত্রাসীরা।

গত ১১ জুন জয়পুরহাট সরকারি কলেজে বর্ধিত ফি বিরোধী ছাত্র সংগ্রাম পরিষদের মিছিলে যৌথভাবে হামলা চালিয়েছে লীগ-দল-শিবির চক্র। হামলায় সংগ্রাম পরিষদের নেতা ও ছাত্র ফ্রন্ট জয়পুরহাট কলেজ শাখার সভাপতি তাজিউল ইসলাম, সহ-সভাপতি সুমন চন্দ্র, সাধারণ সম্পাদক নয়ন সরকার, সাংগঠনিক সম্পাদক উৎপল কুমার, পাঠাগার সম্পাদক অশ্বিনী রায়, উচ্চমাধ্যমিক শাখার সংগঠক সাব্বির হাসান মুন, টুটুল সিংহ, সামসুল আনাম, পংকজসহ ২০ জন ছাত্র আহত হয়। ঘটনা এখানেই শেষ নয়, আহত ছাত্র-ছাত্রীদের হাসপাতালে নেয়া হলে ছাত্রলীগ-ছাত্রদল-শিবিরের সন্ত্রাসীরা সেখানেও পুনর্বার হামলা চালায়। এমনকি জরুরি বিভাগে কর্তব্যরত চিকিৎসকও হামলাকারীদের বাধা দিতে গিয়ে আহত হন। বেলা সাড়ে ১২টায় সংগ্রাম পরিষদের মিছিল যখন কলেজ অধ্যক্ষের কার্যালয়ের সামনে পৌঁছায় তখন উপাধ্যক্ষ কাজী তৌফিকুর রহমানসহ কতিপয় শিক্ষকের নির্দেশে ও প্রণোদনায় ছাত্রলীগ, ছাত্রদল ও শিবির সন্ত্রাসীরা যৌথভাবে মিছিলের ওপর হামলা চালায়। এ সময় পুলিশ নিরব দর্শকের ভূমিকা পালন করে। উল্লেখ্য, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণে জয়পুরহাট কলেজে নিয়ম বহির্ভূত ফি আদায়ের প্রতিবাদে 'বর্ধিত ফি বিরোধী ছাত্রছাত্রী সংগ্রাম পরিষদ' এর ব্যানারে আন্দোলন চলছে। ফরম পূরণের ফি ঢাকার ইডেন কলেজে বিজ্ঞান বিষয়ে যেখানে নেয়া হচ্ছে ১১৩০ টাকা সেখানে জয়পুরহাট কলেজে আদায় করা হচ্ছে ২২০০ টাকা।

এদিকে ৬ জুন রংপুর সরকারি কলেজে ছাত্রলীগের সন্ত্রাসী হামলায় ছাত্র ফ্রন্ট কলেজ শাখার আহ্বায়ক রেদোওয়ানুল ইসলাম বিপুল মারাত্মকভাবে আহত

হয়েছেন। বেলা ১২টায় কলেজ ক্যাম্পাসে এ হামলার ঘটনা ঘটে। অনার্স ১ম বর্ষের ভর্তির সময় ছাত্রলীগের নেতা-কর্মীদের ভর্তি বাণিজ্যে বাধা দেওয়ার জের ধরে এ হামলা চালানো হয়। ছাত্রলীগের কলেজ শাখার যুগ্ম সম্পাদক রাফিউল ইসলাম রাসেল ও সুজনের নেতৃত্বে ১৪/১৫ জন্য সন্ত্রাসী সশস্ত্র অবস্থায় বিপুলের উপর হামলা করে তাকে মারাত্মকভাবে আহত করে। বিপুলের উপর হামলার প্রতিবাদে সেদিন সন্ধ্যায় সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট শহরে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। পলাশ কান্তি নাগের সভাপতিত্বে সমাবেশে বক্তৃতা করেন আহসানুল আরেফিন তিতু ও রোকনুজ্জামান রোকন।

সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট কেন্দ্রীয় কমিটির সভাপতি ফখরুদ্দিন কবির আতিক ও সাধারণ সম্পাদক জনার্দন দত্ত নান্টু ৬ ও ১১ জুন সংবাদপত্রে দেওয়া দুটি পৃথক বিবৃতিতে জয়পুরহাট ও রংপুর সরকারি কলেজে ছাত্র ফ্রন্টের নেতাকর্মীদের ওপর হামলার সাথে জড়িত ছাত্রলীগ, ছাত্রদল ও শিবির সন্ত্রাসীদের গ্রেফতার ও বিচার দাবি করেন।

জয়পুরহাট সরকারি কলেজে ফি বৃদ্ধি বিরোধী আন্দোলনে লীগ-দল-শিবির সন্ত্রাসীদের যৌথ হামলার প্রতিবাদে ১১ জুন বিকালে ছাত্র ফ্রন্ট বগুড়া জেলা শাখা ও ১২ জুন নওগাঁ জেলা শাখার উদ্যোগে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

চবিতে ছাত্রী নিপীড়নের বিরুদ্ধে আন্দোলনের বিজয়

শিক্ষার্থীদের আন্দোলনের মুখে ছাত্রী নিপীড়নের দায়ে ছাত্রলীগের ক্যাডার শামসুল ইসলাম রাজুকে বিশ্ববিদ্যালয় থেকে আজীবনের জন্য বহিষ্কার করতে

বাধ্য হল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রশাসন।

জানা গেছে, গত ৩০ মে শনিবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের শামসুন নাহার হলের সামনে টিজিং এর প্রতিবাদ করায় রাজনীতি বিজ্ঞান বিভাগের মাস্টার্সের এক ছাত্রীকে ছাত্রলীগের ক্যাডার রাজু মারধর করে মাটিতে ফেলে দেয়। এই ঘটনায় পুরো বিশ্ববিদ্যালয়ে তোলপাড় শুরু হয়। রাজুর শাস্তির দাবিতে ঐক্যবদ্ধ হয় সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টসহ বিশ্ববিদ্যালয়ের প্রগতিশীল ছাত্র সংগঠনগুলো। সমাজবিজ্ঞানের শিক্ষার্থীরা স্মারকলিপি দেয় প্রশাসনকে। এরই ধারাবাহিকতায় ১ জুন বিক্ষোভ মিছিল

সমাবেশে উত্তাল হয়ে ওঠে ক্যাম্পাস। সকাল ১০ টায় চবি'র তিনটি আবাসিক হলের ৩ শতাধিক ছাত্রী মিছিল বের করে শামসুন নাহার হলের সামনে থেকে। মিছিল শহীদ মিনার ঘুরে বিবিএ ফ্যাকাল্টির সামনে আসলে প্রক্টরিয়াল বডির সদস্যরা মিছিলে বাধা দেয়। তারা ছাত্রীদেরকে বিভ্রান্ত করার চেষ্টা চালায়। মিছিল বাধা ঠেলে সমাজবিজ্ঞান অনুষদের সামনে আসলে শত শত ছাত্র-ছাত্রী এতে যোগ দেয়। পরে প্রশাসনিক ভবনের সামনে এসে অবস্থান নেয় আন্দোলনকারীরা। বেলা ১১ টা হতে দুপুর ২ টা পর্যন্ত প্রশাসনিক ভবনের সামনে সমাবেশ-বিক্ষোভ প্রদর্শন করে শিক্ষার্থীরা। প্রশাসনের কাছে ১ ঘণ্টার আলটিমেটাম বেঁধে দিয়ে ৭ দফা দাবি দেয় আন্দোলনকারীরা। এক পর্যায়ে উপাচার্য নিচে নেমে রাজুর ছাত্রত্ব বাতিলের ঘোষণা দেন। এই সময় প্রশাসনিক ভবনের সামনে পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য প্রচুর পুলিশ ও মহিলা পুলিশ মোতায়েন করা হয়। উপাচার্যের ঘোষণার লিখিত প্রমাণের দাবিতে শিক্ষার্থীরা একপর্যায়ে উপাচার্যের কার্যালয়ে প্রবেশের চেষ্টা করলে প্রশাসনিক ভবনের দুইদিকের গেইট আটকে দেওয়া হয়। আন্দোলনের চাপে উপাচার্য বিশেষ সিন্ডিকেট সভা আহ্বান করে রাজুর বহিষ্কার ঘোষণা তাৎক্ষণিক সংবাদ সম্মেলন ডেকে প্রকাশ করতে বাধ্য হন। এদিকে, প্রশাসন আন্দোলনকারীদের চিহ্নিত করে শাস্তি দেওয়ার হুমকি দিচ্ছে। আন্দোলনে অংশগ্রহণকারী ছাত্র রোকনকে ১ বছরের জন্য বহিষ্কার করা হয়েছে। সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টসহ সকল প্রগতিশীল সংগঠন প্রশাসনের এই ধরনের দমন পীড়ন বন্ধ করার আহ্বান জানিয়েছে।

২ জুন সকালে সমাজতান্ত্রিক মহিলা ফোরাম চট্টগ্রাম জেলা শাখার উদ্যোগে প্রেসক্লাব চত্বরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্রী লাঞ্ছনার প্রতিবাদে মানববন্ধন অনুষ্ঠিত হয়। সংঠনের চট্টগ্রাম জেলা শাখার সংগঠক পারভীন আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধন পরবর্তী সমাবেশে বক্তব্য রাখেন চট্টগ্রাম জেলা শাখার সংগঠক পপি চাকমা, মনিদীপা ভট্টাচার্য ও নাসিমা আক্তার। সংহতি জানিয়ে বক্তব্য রাখেন চট্টগ্রাম জেলা বাসদ সমন্বয়ক মানস নন্দী, প্রগতিশীল চিকিৎসক ফোরামের সংগঠক ডা. সুশান্ত বড়ুয়া ও ছাত্র ফ্রন্ট নগর শাখার সহ-সভাপতি নাঈমা খালেদ মনিকা।

শিক্ষাখাতে জাতীয় বাজেটের ২৫% বরাদ্দের দাবিতে অর্থ মন্ত্রণালয়ে স্মারকলিপি পেশ

শিক্ষাখাতে জাতীয় বাজেটের ২৫% বরাদ্দের দাবিতে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের পক্ষ থেকে ৭ জুন অর্থ মন্ত্রণালয়ে স্মারকলিপি পেশ করা হয়। সকাল ১২টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর কেন্টিন থেকে মিছিল শুরু করে ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে হাইকোর্ট মোড়ে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন ফখরুদ্দিন কবির আতিক, মেহেদী হাসান তমাল, ইমরান হাবিব রুমন ও রাহাত আহমেদ। পরে মেহেদী হাসান তমালের নেতৃত্বে একটি প্রতিনিধি দল অর্থ মন্ত্রণালয়ে গিয়ে স্মারকলিপি পেশ করে।

এছাড়া ৮ জুন গাইবান্ধা সরকারি কলেজে, ৭ জুন শাবিপ্রবি, কিশোরগঞ্জ ও বগুড়ায়, ৬ জুন সিলেট এম সি কলেজে এবং ৩ জুন পটিয়ায় মানববন্ধন, মিছিল, সমাবেশ ও স্মারকলিপি পেশের কর্মসূচি পালিত হয়েছে।

রজতজয়ন্তী উদ্‌যাপন কমিটি

ঢাকা মহানগর : ৫ জুন বিকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডাকসু ক্যাফেটেরিয়ায় রজতজয়ন্তী উদ্‌যাপন জাতীয় কমিটির সদস্য সচিব ফখরুদ্দিন কবির আতিকের পরিচালনায় ও আহ্বায়ক আকম জহিরুল ইসলামের সভাপতিত্বে ঢাকায় ছাত্র ফ্রন্টের প্রাক্তন-বর্তমান নেতা-কর্মীদের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন বাসদ কেন্দ্রীয় বর্ধিত ফোরামের সদস্য ও রজতজয়ন্তী উদ্‌যাপন জাতীয় কমিটির যুগ্ম আহ্বায়ক বজলুর রশীদ ফিরোজ।

সভায় সংগঠনের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার প্রাক্তন সভাপতি ও কেন্দ্রীয় কমিটির সাবেক সাধারণ সম্পাদক আশরাফুল হক মুকুল-কে আহ্বায়ক ও নগর ছাত্র ফ্রন্টের সাবেক সভাপতি এড. জহিরুল ইসলাম, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখার সাবেক আহ্বায়ক সদরুল আলম হারুন, বুয়েট শাখার সাবেক সভাপতি মোশাররফ হোসেন-কে যুগ্ম আহ্বায়ক এবং সংগঠনের ঢাকা নগর শাখার বর্তমান সভাপতি মেহেদী হাসান তমাল-কে সদস্য সচিব মনোনীত করে ৪৬ সদস্যবিশিষ্ট রজতজয়ন্তী উদ্‌যাপন বৃহত্তর ঢাকা মহানগর শাখার নির্বাহী কমিটি গঠন করা হয়। ঢাকায় অবস্থানরত সংগঠনের বর্তমান ও প্রাক্তন সকল কর্মীসদস্য এই উদ্‌যাপন কমিটির সদস্য হিসেবে মনোনীত হন। সভায় উপস্থিত বর্তমান-প্রাক্তন নেতা-কর্মীরা মিলে রজতজয়ন্তী'র তহবিলে ৬ লাখ টাকা প্রদানের প্রতিশ্রুতি প্রদান করেন।

দিনাজপুর : ১২ জুন সকাল ১১টায় দিনাজপুর সরকারি কলেজের বাংলা বিভাগের শ্রেণীকক্ষে সংগঠনের দিনাজপুর জেলা শাখার উদ্যোগে বর্তমান ও প্রাক্তন নেতাকর্মীদের এক সভা অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন রজতজয়ন্তী উদ্‌যাপন জাতীয় কমিটির আহ্বায়ক আকম জহিরুল ইসলাম, রংপুর

জেলা বাসদ সমন্বয়ক আব্দুল কুদ্দুস ও দিনাজপুর জেলা বাসদ সমন্বয়ক সারোয়ারুল হাসান ক্লিপটন। সভায় সংগঠনের বুয়েট শাখার প্রাক্তন সভাপতি প্রকৌশলী হুমায়ুন কবির-কে আহ্বায়ক ও দিনাজপুর জেলা শাখার বর্তমান সভাপতি রেজাউল ইসলাম সবুজকে সদস্য সচিব করে ৫৯ সদস্যবিশিষ্ট রজতজয়ন্তী উদ্‌যাপন দিনাজপুর জেলা কমিটি গঠন করা হয়।সভায় উপস্থিত নেতা-কর্মীরা রজতজয়ন্তীর তহবিলে মোট ৬২ হাজার টাকার আর্থিক সহযোগিতার প্রতিশ্রুতি প্রদান করেন।

সনি'র ৭ম মৃত্যুবার্ষিকী পালিত

টেন্ডার ভাগাভাগি নিয়ে ছাত্রদলের দুই গ্রুপের বন্দুক যুদ্ধে নিহত বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছাত্রী সাবেকুন নাহার সনি'র ৭ম মৃত্যুবার্ষিকী উপলক্ষে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের পক্ষ থেকে ৮ জুন সকাল ৯টায় সনি'র স্মৃতিস্তম্ভে পুস্পস্তবক অর্পণ করা হয়। এছাড়াও ছাত্র ফ্রন্টের উদ্যোগে 'সন্ত্রাসবিরোধী দিবস' উপলক্ষে প্রদর্শনী, সমাবেশ এবং বুয়েটের ছাত্রী হলের নামকরণ 'সাবেকুন নাহার সনি হল' করার দাবিতে উপাচার্য বরাবর স্মারকলিপি পেশ করা হয়। দুপুর ১টায় বুয়েট ক্যাফেটেরিয়ার সামনে অনুষ্ঠিত সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের বুয়েট শাখার সভাপতি জিয়াউল হক মুন্না, সাংগঠনিক সম্পাদক রাজীব রায়, ইমরান হাবীব রুমন, শম্পা বসু ও সুব্রত সরকার।

বিভিন্ন স্থানে ছাত্র ফ্রন্টের কমিটি গঠন

গুরুদয়াল সরকারি কলেজ : ৭ জুন সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট গুরুদয়াল সরকারি কলেজ শাখার কাউন্সিল জুনায়েদুল ইসলামের সভাপতিত্বে এবং অসীম দাদ খান তুহিনের পরিচালনায় অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন কিশোরগঞ্জ জেলা বাসদের সমন্বয়ক এড. শফিকুল ইসলাম ও বাকৃবি শাখা ছাত্র ফ্রন্টের সাংগঠনিক সম্পাদক লিয়া সুলতানা। কাউন্সিলে চন্দন কুমার সরকারকে আহ্বায়ক ও অসীম দাদ খান তুহিনকে সাধারণ সম্পাদক করে ১৩ সদস্যবিশিষ্ট নতুন কমিটি ঘোষণা করা হয়।

সরকারি তোলারাম কলেজ : ৬ জুন সকালে সরকারি তোলারাম কলেজ শাখার সপ্তম কাউন্সিল নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ে কাউন্সিল প্রস্তুতি কমিটির আহ্বায়ক গোপাল ঘোষের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। কাউন্সিলে বক্তব্য রাখেন বাসদ নারায়ণগঞ্জ জেলা সমন্বয়ক আবু নাঈম খান বিপ্লব, সংগঠনের কেন্দ্রীয় কমিটির দপ্তর সম্পাদক ইমরান হাবিব রুমন ও নারায়ণগঞ্জ শহর শাখার আহ্বায়ক মাজেদুল হক রাজন। কাউন্সিলে সর্বসম্মতিক্রমে মশিউর রহমান শিমূল-কে সভাপতি, গোপাল ঘোষ-কে সহ-সভাপতি শওকত আলী-কে সাধারণ সম্পদক মনোনীত করে ১২ সদস্যবিশিষ্ট তোলারাম কলেজ কমিটি গঠন করা হয়।

নোয়াখালী : ছাত্র ফ্রন্ট নোয়াখালী জেলা শাখার কাউন্সিল গত ৭ ও ৮ মে জেলা কার্যালয়ে মাসুদ রেজার সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কমিটির সদস্য অর্জুন দাস ও সাইফুজ্জামান সাকন। কাউন্সিলে মাসুদ রেজাকে সভাপতি, পলাশ রাউতকে সাধারণ সম্পাদক ও বিটুল তালুকদারকে সাংগঠনিক সম্পাদক নির্বাচিত করে ১৩ সদস্যবিশিষ্ট জেলা কমিটি গঠন করা হয়।

গাইবান্ধা : ৭ মে সন্ধ্যা ৬টায় মুর্শিদের বাজার অঞ্চল শাখার উদ্যোগে খিদির সরকারি প্রাথমিক বিদ্যালয় বর্ষবরণ ও মে দিবস উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। আলোচনা সভায় বক্তব্য রাখেন বাসদ জেলা সমন্বয়ক আহসানুল হাবীব সাঈদ, জাহাঙ্গীর মণ্ডল, জাহিদুল ইসলাম ও সংগঠনের জেলা সভাপতি আমিনুল ইসলাম। সভাশেষে আনোয়রুল ইসলাম-কে আহ্বায়ক ও রুস্তম আলী-কে সাধারণ সম্পাদক করে ১৬ সদস্যবিশিষ্ট মুর্শিদের বাজার অঞ্চল শাখা কমিটি ঘোষণা করা হয়।

স্কুলছাত্রী ধর্ষণের প্রতিবাদে রংপুরে শিশু-কিশোর মেলার মানববন্ধন

রংপুর শহরের নুরপুর মহাদেবপুর এলাকার ৮ম শ্রেণীর স্কুলছাত্রীকে ধর্ষণের প্রতিবাদে ও ধর্ষণকারীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে ১১ জুন সকাল ১০ টায় রংপুর প্রেসক্লাবের সামনে শিশু কিশোর মেলার উদ্যোগে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। কর্মসূচিতে বিভিন্ন স্কুলের শত শত শিক্ষক-শিক্ষার্থী ছাড়াও রাজনৈতিক নেতৃবৃন্দ অংশ নেন। এসময় বক্তব্য রাখেন জেলা বাসদ সমন্বয়ক আব্দুল কুদ্দুস, ওয়াকার্স পার্টির জেলা সম্পাদক কাজী মাজিরুল ইসলাম

লিটন, গণফোরাম নেতা আনোয়ার হোসেন, কারমাইকেল কলেজের প্রাক্তন অধ্যাপক মলয় কিশোর ভট্টাচার্য, শিক্ষা আন্দোলন মঞ্চের জেলা আহ্বায়ক ডা. সৈয়দ মামুনুর রহমান, ডা. মাফিজুল ইসলাম মান্টু, শিশু কিশোর মেলার সংগঠক লিটন রায়, পলাশ কান্তি নাগ, স্কুল শিক্ষিকা রোকসানা বেগম, সেলিনা বেগম, স্কুল ছাত্র লুৎফর রহমান, সাজরিন আক্তার ও রুপা প্রমুখ।

সমাজতান্ত্রিক মহিলা ফোরামের আহ্বায়ক রওশন আরা রুশো এবং সদস্য সচিব সৈয়দা পারভীন আক্তার ৭ জুন দেওয়া এক বিবৃতিতে রংপুরে অষ্টম শ্রেণীর এক ছাত্রী, ফরিদপুরের বোয়ালমারী উপজেলার তৃতীয় শ্রেণীর শিশুর ধর্ষণকারী এবং মৌলভীবাজারের কমলা বেগমকে ১০৮ ঘা দোররা মারার সাথে জড়িতদের অবিলম্বে গ্রেফতার ও দৃষ্টান্তমূক শাস্তির দাবি জানান।

গণতান্ত্রিক বাম মোর্চা

বাম মোর্চার আন্দোলন কর্মসূচি ঘোষণা

জনজীবনের সংকট নিরসনের দাবিতে এবং মহাজোট-চারদলীয় জোটের বিপরীতে বাম বিকল্প গড়ে তোলার লক্ষ্যে গণতান্ত্রিক বাম মোর্চা কেন্দ্রীয় পরিচালনা পরিষদের পক্ষ থেকে ৪ জুন সকাল ১১টায় বাসদ অফিসে সংবাদ সম্মেলনে আন্দোলন কর্মসূচি ঘোষণা করা হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন মোর্চার সমন্বয়ক ও বাসদ নেতা বজলুর রশীদ ফিরোজ। উপস্থিত থেকে বিভিন্ন প্রশ্নের জবাব দেন বাম মোর্চার কেন্দ্রীয় নেতা টিপু বিশ্বাস, সাইফুল হক, মোশরেফা মিশু, এড. আব্দুস সালাম, জোনায়েদ সাকি, হামিদুল হক, ইয়াছিন মিয়া, সাইফুল ইসলাম মাস্টার, রাজেকুজ্জামান রতন, সামছুজ্জোহা, কামরুল আলম সবুজ, মহিনউদ্দিন চৌধুরী লিটন প্রমুখ।

সংবাদ সম্মেলনে ১১ দফা দাবির ভিত্তিতে ঢাকাসহ সারা দেশে জনসভা, সমাবেশ, বিক্ষোভ মিছিল, মানববন্ধন, মতবিনিময়সহ আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হয়। এর অংশ হিসেবে ৮ জুন রংপুর, ৯ জুন গাইবান্ধা, ১৮ জুন ঢাকার মিরপুরে, ১৯ জুন মোহাম্মদপুরে, ২১ জুন চট্টগ্রামে জনসভা অনুষ্ঠিত হবে।

বিদ্যুৎ-পানি-গ্যাস-জলাবদ্ধতা-মশা সমস্যা সমাধানের দাবিতে ঢাকায় বাম মোর্চার বিক্ষোভ

২৭ মে বিকাল ৪টায় ঢাকার মুক্তাঙ্গনে গণতান্ত্রিক বাম মোর্চার ঢাকা মহানগর কমিটির উদ্যোগে বিদ্যুৎ-পানি-গ্যাস-জলাবদ্ধতা-মশা সমস্যাসহ ঢাকা নগরবাসীর নানামুখী সমস্যা সমাধানের দাবিতে সমাবেশ অনুষ্ঠিত হয়।

বাম মোর্চার ঢাকা মহানগর কমিটির বর্তমান সমন্বয়ক বাসদ নেতা জুলফিকার আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন বজলুর রশিদ ফিরোজ, আবু তাহের ও পাঠক লাল গোলদার। সমাবেশ শেষে একটি বিক্ষোভ মিছিল রাজধানীর বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

বাম মোর্চার সমাবেশ

৯ জুন বিকাল ৪টায় গাইবান্ধা পৌর শহীদ মিনারে জেলা বাসদ সমন্বয়ক আহসানুল হাবীব সাঈদের সভাপতিত্বে অনুষ্ঠিত গণতান্ত্রিক বাম মোর্চার সমাবেশে বক্তব্য রাখেন টিপু বিশ্বাস, শুভ্রাংশু চক্রবর্তী, সাইফুল হক, আ: মতিন তালুকদার, মোশরেফা মিশু, এড. আব্দুস সালাম, জোনায়েদ সাকী, হামিদুল হক, মঞ্জুর আলম মিঠু প্রমুখ।

২৩ মে সিরাজগঞ্জে স্বাধীনতা স্কোয়ারে জেলা বাসদ সমন্বয়ক নব কুমার কর্মকারের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন টিপু বিশ্বাস, শুভ্রাংশু চক্রবর্ত্তী, আ: মতিন তালুকদার, জোনায়েদ সাকী, মোশরেফা মিশু, এড. আনোয়ার হোসেন, সরোয়াদ্দি খান, ডা. আব্দুল হালিম, কাজী শওকত ও এড. মতিয়ার।

সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্ট

সিলেট ও মৌলভীবাজারে ‘চা শ্রমিক দিবস’ পালন

২০ মে ‘চা শ্রমিক দিবস’ উদ্‌যাপন উপলক্ষে সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্ট সিলেট জেলা ও মৌলভীবাজার জেলা শাখার উদ্যোগে পৃথক পৃথক কর্মসূচি পালিত হয়েছে।

২০ মে বিকেলে সিলেট শহীদ মিনারে আয়োজিত সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের কেন্দ্রীয় সভাপতি ও বাসদ কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড আবদুল্লাহ সরকার, কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি জাহেদুল হক মিলু, জেলা বাসদ সমন্বয়ক উজ্জ্বল রায়, চা শ্রমিক নেতা হৃদেশ মোদী, অমূল্য বক্তা, বীরেন সিং, মিতা সিং, চঞ্চল বাউরি, তবারকউল্লাহ প্রমুখ। আলোচনা সভা শেষে একটি র‍্যালি শহর প্রদক্ষিণ করে।

২১ মে মৌলভীবাজার পৌরসভা মিলনায়তনে সংগঠনের জেলা শাখার সংগঠক মামুনুর রশীদ সোহেলের সভাপতিত্বে ও জেলা সংগঠক সত্য নাইডুর পরিচালনায় অনুষ্ঠিত সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন কমরেড আবদুল্লাহ সরকার। এছাড়া বক্তব্য রাখেন সংগঠনের কেন্দ্রীয় সহ-সভাপতি কমরেড জাহেদুল হক মিলু, জেলা বাসদ সমন্বয়ক এড. মঈনুর রহমান মগনু, সংগঠনের সিলেট জেলা শাখার সভাপতি উজ্জ্বল রায়, মুজাহিদ আহমেদ, রনধীর রায়, মুক্তিযোদ্ধা মির্জা ফরিদ আহম বেগ, বদরুল হোসেন ও শ্রমিকনেতা হৃতেশ মোদিসহ ২৭টি চা বাগানের প্রতিনিধি। সভা শেষে ২০ দফা দাবিতে শহরে লাল পতাকাশোভিত একটি বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় বক্তারা ২০ মে-কে রাষ্ট্রীয়ভাবে ‘চা শ্রমিক দিবস’ ঘোষণা এবং চা-শ্রমিকদের ন্যায়সঙ্গত দাবি-দাওয়া মেনে নেওয়ার জন্য সরকারে কাছে দাবি জানান।

বিভিন্ন স্থানে শ্রমিক ফ্রন্টের কাউন্সিল

ঢাকা মহানগর : সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্ট ঢাকা মহানগর শাখার কাউন্সিল গত ৮ জুন বিকাল ৫টায় জুলফিকার আলীর সভাপতিত্বে সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত হয়। কাউন্সিলে উপস্থিত ছিলেন বাসদ আহ্বায়ক কমরেড খালেকুজ্জামান, সংগঠনের কেন্দ্রীয় সহ-সভাপতি জাহেদুল হক মিলু ও সাধারণ সম্পাদক রাজেকুজ্জামান রতন।

কাউন্সিলে সর্বসম্মতিক্রমে জুলফিকার আলীকে সভাপতি, সাইফুল ইসলাম কিরণকে সহ-সভাপতি, খালেকুজ্জামান লিপনকে সাধারণ সম্পাদক, সৌমিত্র কুমার দাসকে সাংগঠনিক সম্পাদক, আল হোসাইন চিশতিকে দপ্তর সম্পাদক, মল্লিকা সরকারকে কোষাধ্যক্ষ, পাকির আলীকে প্রচার ও প্রকাশনা সম্পাদক, সাদরুল হাসান রিপনকে সহ-সম্পাদক করে ২৫ সদস্য বিশিষ্ট ঢাকা মহানগর কমিটি গঠন করা হয়।

বগুড়া : ২২ মে জেলা কার্যালয়ে সামছুল আলম দুলুর সভাপতিত্বে সাইফুজ্জামান টুটুলের পরিচালনায় শ্রমিক ফ্রন্ট বগুড়া জেলা শাখার ২য় কাউন্সিল অনুষ্ঠিত হয়। কাউন্সিলে বক্তব্য রাখেন কেন্দ্রীয় কমিটির সদস্য নব কুমার কর্মকার, জেলা বাসদ সমন্বয়ক সাইফুল ইসলাম পল্টু ও মাসুদ পারভেজ। কাউন্সিলে সাইফুজ্জামান টুটুলকে আহ্বায়ক ও মাসুদ পারভেজকে সাধারণ সম্পাদক করে ১১ সদস্যবিশিষ্ট জেলা কমিটি গঠন করা হয়। কাউন্সিল শেষে একটি র‍্যালি শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।

ময়মনসিংহ : ৮ মে বিকাল ৪টায় সংগঠনের ময়মনসিংহ জেলা শাখার উদ্যোগে রেলওয়ে কৃষ্ণচূড়া চত্বরে মে দিবস উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। শেখর রায়ের সভাপতিত্বে ও শফিকুল ইসলাম জুয়েলের পরিচালনায় অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন বাংলাদেশের সমাজতান্ত্রিক আন্দোলনের আহ্বায়ক কমরেড হামিদুল হক, সংগঠনের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক কমরেড রাজেকুজ্জামান রতন, প্রগতিশীল শিক্ষক ফোরামের স্থানীয় সংগঠক প্রভাষক খায়রুল বাশার, দোলন রায় ও দেবব্রত সাহা। আলোচনা সভা শেষে শেখর রায়-কে আহ্বায়ক ও অজিত দাস-কে সাধারণ সম্পাদক করে ১০ সদস্যবিশিষ্ট সংগঠনের ময়মনসিংহ শহর শাখা কমিটি গঠন করা হয়।

গাজীপুর : ২২ মে সকালে সংগঠনের কোনাবাড়ী ইউনিয়ন শাখার এক কর্মীসভা স্থানীয় বাসস্ট্যান্ডের সেবা ট্রান্সপোর্ট অফিসে অনুষ্ঠিত হয়। সাহাবুল খানের পরিচালনায় ও রুহুল আমি চানুর সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মীসভায় উপস্থিত ছিলেন বাসদ গাজীপুর জেলা সমন্বয়ক এড. আবদুল কাইয়ুম, সংগঠনের কেন্দ্রীয় কোষাধ্যক্ষ আহসান হাবিব বুলবুল, আবু নাঈম ও আব্দুল হালিম। কর্মীসভা শেষে রুহুল আমিন চানু-কে সভাপতি ও মো: ফারুক-কে সাধারণ সম্পাদক মনোনীত করে ১৫ সদস্যবিশিষ্ট কোনাবাড়ী ইউনিয়ন শাখা কমিটি গঠন করা হয়।

এদিন সকালে কাশিমপুর ইউনিয়ন শাখার কাউন্সিল কাশিমপুর বাজারে অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন সংগঠনের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক ওসমান আলী, জেলা বাসদ নেতা জহিরুল ইসলাম ও আব্দুল লতিফ। মশিউর রহমান খোকনের সভাপতিত্বে অনুষ্ঠিত কাউন্সিলে শাহ জালাল-কে সভাপতি ও চন্দন মোদক-কে সাধারণ সম্পাদক নির্বাচিত করে ২১ সদস্যবিশিষ্ট ইউনিয়ন কমিটি গঠন করা হয়।

সমাজতান্ত্রিক মহিলা ফোরাম

সমাজতান্ত্রিক মহিলা ফোরামের সম্মেলন প্রস্তুতি কমিটি গঠন

নারায়ণগঞ্জ : ২২ মে বিকাল ৫টায় জেলা কার্যালয়ে শাহীনূর আক্তারের সভাপতিত্বে মহিলা ফোরাম নারায়ণগঞ্জ জেলা শাখার এক কর্মীসভা অনুষ্ঠিত হয়। কর্মীসভায় বক্তব্য রাখেন কমরেড বজলুর রশীদ ফিরোজ, জেলা বাসদ সমন্বয়ক আবু নাঈম খান বিপ্লব, সংগঠনের ঢাকা নগর নেত্রী এড. সুলতানা আক্তার রুবী। সভায় শাহীনূর আক্তার-কে আহ্বায়ক ও তাসলীমা বেগম রূপা-কে সদস্য সচিব করে ২৩ সদস্যবিশিষ্ট নারায়ণগঞ্জ জেলা সম্মেলন প্রস্তুতি কমিটি গঠন করা হয়।

মিরপুর : ২৯ মে মিরপুর থানা কার্যালয়ে সংগঠনের এক কর্মীসভা অনুষ্ঠিত হয়। কর্মীসভায় বক্তব্য রাখেন কমরেড রাজেকুজ্জামান রতন। সভায় তাসলীমা নাজনীন সুরভী-কে আহ্বায়ক ও আসমা বাবলী-কে সদস্য সচিব করে ২৯ সদস্যবিশিষ্ট মিরপুর থানা সম্মেলন প্রস্তুতি কমিটি গঠিত হয়।

গাইবান্ধা : ৬ জুন বিকাল ৪টায় মহিলা ফোরাম গাইবান্ধা জেলা শাখার এক কর্মীসভা ডা. ইয়াসমিন আক্তার টুম্পার সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন কমরেড শুভ্রাংশু চক্রবর্তী। সভায় জাহেদা বেগম লিনা-কে আহ্বায়ক ও ডা. ইয়াসমিন আক্তার টুম্পা-কে সদস্য সচিব করে ২৪ সদস্যবিশিষ্ট জেলা সম্মেলন প্রস্তুতি কমিটি গঠন করা হয়।

চট্টগ্রাম : ২২ মে চট্টগ্রাম জেলা বাসদ সমন্বয়ক মানস নন্দীর উপস্থিতিতে মহিলা ফোরামের কর্মীসভায় পপি চাকমা-কে আহ্বায়ক ও নাসিমা আখতার-কে সদস্য সচিব করে ৪৫ সদস্যবিশিষ্ট জেলা সম্মেলন প্রস্তুতি কমিটি গঠন করা হয়।

উত্তরা থানা : ১৩ জুন বিকেলে কমরেড খালেকুজ্জামান, বজলুর রশীদ ফিরোজ ও রওশন আরা রুশোর উপস্থিতিতে অনুষ্ঠিত মহিলা ফোরামের কর্মীসভায় আকিমা সুলতানা লোপা-কে আহ্বায়ক ও নাসরিন খানম লিলি-কে সদস্য সচিব করে ১২ সদস্যবিশিষ্ট উত্তরা থানা সম্মেলন প্রস্তুতি কমিটি গঠন করা হয়।

জাতীয় কমিটির ঘোষণা : উন্মুক্ত না, রপ্তানি না, বিদেশি না

তেল-গ্যাস-বিদ্যুৎ-বন্দর-কয়লা ও জাতীয় সম্পদ রক্ষা কমিটির উদ্যোগে গত ২২ মে দিনাজপুর জেলা প্রেসক্লাবে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এর আগে ২০-২২ মে তিন দিনব্যাপী জেলার বিভিন্ন থানায় জনসভা, কর্মশালা ও প্রতিনিধি সভা অনুষ্ঠিত হয়। ২২ মে বিকেলে জেলা প্রেসক্লাব অডিটোরিয়ামে জাতীয় কমিটির জেলা আহ্বায়ক (ভারপ্রাপ্ত) আলতাফ হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন জাতীয় কমিটির আহ্বায়ক প্রকৌশলী শেখ মো; শহীদুল্লাহ, সদস্য সচিব অধ্যাপক আনু মুহাম্মদ, জাতীয় গণফ্রন্টের সমন্বয়কারী টিপু বিশ্বাস, বাসদ কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড শুভ্রাংশু চক্রবর্তী, গণসংহতি আন্দোলনের সমন্বয়ক জোনায়েদ সাকী, সিপিবির প্রেসিডিয়াম সদস্য শাহাদাৎ হোসেন, বাসদের আব্দুল মতিন তালুকদার ও ফুলবাড়ি উপজেলা চেয়ারম্যান আমিনুল ইসলাম বাবলু। সভা পরিচালনা করেন জেলা কমিটির সদস্য সচিব রাজু আহমেদ। সভায় বক্তারা ২০০৬ সালের ৭ সেপ্টেম্বর ফুলবাড়ির জনসভায় তৎকালীন বিরোধী দলীয় নেত্রী ও বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার ফুলবাড়ি ৬ দফা বাস্তবায়নের ঘোষণা বাস্তবায়ন, জ্বালানি উপদেষ্টা তৌফিক এলাহী চৌধুরীর অপসারণ এবং বড়পুকুরিয়া কয়লাখনি প্রকল্পের মাটি/জমি দেবে যাওয়া সমস্যার সমাধানের

লক্ষ্যে বালি ভরাট ও ক্ষতিগ্রস্তদের উপযুক্ত ক্ষতিপূরণ দাবি করেন। সভায় বলা হয়, জাতীয় কমিটি জনগণকে সাথে নিয়ে তিনটি পদক্ষেপের বিরুদ্ধে রুখে দাঁড়াবে – উন্মুক্ত খনন পদ্ধতি, বিদেশে রপ্তানি এবং বিদেশি কোম্পানি।

২০ মে সন্ধ্যা সাড়ে ৭টায় বিরামপুর থানার ঢাকা মোড়ে আব্দুল আজিজ সরকারের সভাপতিত্বে এক জনসভা অনুষ্ঠিত হয়। ২১ মে সকাল সাড়ে ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত ফুলবাড়ি থানার মধ্যপাড়ার মধ্যশিলা মাধ্যমিক স্কুলে এক কর্মশালার আয়োজন করা হয়। ২২ মে সকালে উপজেলার বালিকা উচ্চ বিদ্যালয়ে থানা কমিটির সদস্য সচিব আব্দুল মজিদ চৌধুরীর সভাপতিত্বে প্রতিনিধি সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে ফুলবাড়ি শহীদ আসাদ-সালেকিন-তরিকুল প্রমুখের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। এ সকল সভায় কেন্দ্রীয় নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

আগামী ২৬ জুন শহীদ জননী জাহানারা ইমামের ১৫তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে তাঁর প্রতি আমাদের গভীর শ্রদ্ধা নিবেদন করছি

– সম্পাদক।